গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২২৪/২০১৭-১৮

ঢাকা, বৃহস্পতিবার, ১৭ মে ২০১৮, ৩ জ্যৈষ্ঠ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রত্যাশা অনুযায়ী জনগণের সেবাপ্রাপ্তি নিশ্চিত করতে হবে
রাজশাহীতে পুলিশের প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণে প্রধানমন্ত্রীকে স্পিকার ও ১৪ দলের অভিনন্দন

৩। পবিত্র মাহে রমজান শুরু আগামীকাল

৪। বাজেট অধিবেশন শুরু ৫ জুন

৫। প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ

৬। ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১০ ক্রয়প্রস্তাব অনুমোদন

৭। দুর্যোগ মোকাবিলায় সমন্বয়ের ওপর গুরুত্বারোপ অর্থমন্ত্রীর

৮। দুর্যোগ ব্যবস্থাপনায় মানসিক স্বাস্থ্যসেবা অন্তর্ভুক্ত করতে হবে
আন্তর্জাতিক সম্মেলনে সায়মা ওয়াজেদ

৯। রোগ নির্ণয়ে পরীক্ষা-নিরীক্ষার মানোন্নয়নে স্বাস্থ্যমন্ত্রীর নির্দেশে কমিটি গঠিত

১০। এক হাজার শিক্ষককে প্রশিক্ষণ দেবে চীন : শিক্ষামন্ত্রীর সাথে চীনা রাষ্ট্রদূতের সাক্ষাৎ

১১। বিশ্ব টেলিযোগাযোগ দিবস আজ

১২। টেকসই পরিবেশের জন্য ১১ কোটি ডলার ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক

চলমান পাতা-২

১। **প্রত্যাশা অনুযায়ী জনগণের সেবাপ্রাপ্তি নিশ্চিত করতে হবে**
রাজশাহীতে পুলিশের প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনগণের প্রত্যাশা অনুযায়ী তাদের সেবাপ্রাপ্তি নিশ্চিত করতে পুলিশ সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী গতকাল (১৬ মে বুধবার) ৩৫তম বিসিএস ব্যাচের শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপারগণের প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। তিনি বলেন, মানুষ বিপদের সময় পুলিশের কাছে সাহায্যের জন্য আসে। তাই সেবা ও মানবিক আচরণের মাধ্যমে মানুষের আস্থা অর্জনে সচেষ্ট থাকতে হবে। প্রধানমন্ত্রী প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করেন এবং কুচকাওয়াজ পরিদর্শন করেন। এর আগে প্রধানমন্ত্রী একাডেমির অতিথি ভবন অরুনিমায় পৌঁছলে তাঁকে রাষ্ট্রীয় সালাম জানানো হয়। পরে প্যারেড গ্রাউন্ডে পৌঁছলে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল, মহাপুলিশ পরিদর্শক ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী এবং একাডেমির প্রিন্সিপাল মো. নাজিবুর রহমান প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপারদের মধ্যে পদক বিতরণ করেন। সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)।

২। **বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণে প্রধানমন্ত্রীকে স্পিকার ও ১৪ দলের অভিনন্দন**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এবং ১৪ দলের জোটের সমন্বয়ক মোহাম্মদ নাসিমের নেতৃত্বে জোট নেতারা বঙ্গবন্ধু-১স্যাটেলাইট সফলভাবে উৎক্ষেপণে প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন। গতকাল (১৬ মে বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গণভবনে তাঁরা শুভেচ্ছা জানান। প্রধানমন্ত্রী স্যাটেলাইট উৎক্ষপণে দেশবাসীকে পুনরায় শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে এ সময় বলেন, তাঁর সরকারের দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ এবং তা সফলভাবে বাস্তবায়নের ফলেই বাংলাদেশ মহাকাশে স্থান করে নিয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮)।

৩। **পবিত্র মাহে রমজান শুরু আগামীকাল**

গতকাল (১৬ মে বুধবার) বাংলাদেশের আকাশে ১৪৩৯ হিজরি সনের পবিত্র রমজান মাসের চাঁদ দেখা যায়নি। ফলে চলতি শাবান মাস ৩০ দিনে পূর্ণ হবে। রমজান শুরু হবে আগামীকাল শুক্রবার। আজ ১৭ মে বৃহস্পতিবার রাতে এশার পর তারাবি নামাজ আদায় ও সেহরি খেয়ে বাংলাদেশের মুসলমানগণ রোজা রাখবেন আগামীকাল শুক্রবার। গতকাল ইসলামিক ফাউন্ডেশনে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্মমন্ত্রী ও জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি অধ্যক্ষ মতিউর রহমান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৪। **বাজেট অধিবেশন শুরু ৫ জুন**

দশম জাতীয় সংসদের ২১তম অধিবেশন এবং চলতি ২০১৮-১৯ অর্থবছরের বাজেট অধিবেশন আগামী ৫ জুন মঙ্গলবার শুরু হবে। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে এ অধিবেশন আহ্বান করেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে ৫ জুন বেলা ১১টায় দশম জাতীয় সংসদের ২১তম অধিবেশন শুরু হবে। এ অধিবেশনেই ৭ জুন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত ২০১৮-১৯ অর্থবছরের বাজেট পেশ করবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), সমকাল (পৃ.২,ক.১)।

৫। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ**

আজ ১৭ মে বৃহস্পতিবার, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৩৭তম স্বদেশ প্রত্যাবর্তন দিবস। ১৯৮১ সালের এদিনে দীর্ঘ নির্বাসন শেষে তিনি বাংলার মাটিতে ফিরে আসেন। ঐ দিন বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনাকে বহনকারী ইন্ডিয়ান এয়ারলাইন্সের একটি ফ্লাইট ভারতের রাজধানী নয়া দিল্লি থেকে কলকাতা হয়ে ঢাকার তৎকালীন কুর্মিটোলা আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। বৈরী আবহাওয়া উপেক্ষা করে তাঁকে একনজর দেখার জন্য কুর্মিটোলা আন্তর্জাতিক বিমানবন্দর থেকে শেরেবাংলা নগর পর্যন্ত এলাকাজুড়ে লাখো জনতার ঢল নামে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বাণী দিয়েছেন। প্রধানমন্ত্রীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে বাণীতে রাষ্ট্রপতি বলেন, শেখ হাসিনার ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধের চেতনা এবং স্বাধীনতার মূল্যবোধ ও গণতন্ত্র প্রতিষ্ঠার পথ সুগম হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**৬।	ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১০ ক্রয়প্রস্তাব অনুমোদন**

বাংলাদেশ রেলওয়ের জন্য কোরিয়া থেকে ৭০টি মিটার গেজ ডিজেল ইঞ্জিন ক্রয়সহ মোট ৬ হাজার ২৩৯ কোটি ৮৫ লাখ টাকার ১০টি ক্রয়প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (১৬ মে বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এসব ক্রয়প্রস্তাব অনুমোদন দেয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (পৃ.১৯,ক.৮)।

**৭।	দুর্যোগ মোকাবিলায় সমন্বয়ের ওপর গুরুত্বারোপ অর্থমন্ত্রীর**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, দুর্যোগ মোকাবিলায় সবচেয়ে জরুরি বিষয় হচ্ছে সমন্বয় করা। সেটাই এখন বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। গতকাল (১৬ মে বুধবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে প্রতিবন্ধিতা ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে আয়োজিত আন্তর্জাতিক সম্মেলনের দ্বিতীয় দিনের প্রথম সেশনে অর্থমন্ত্রী এ কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, সচেতনতাই দুর্যোগকালীন ঝুঁকি কমিয়ে আনতে পারে। আগাম প্রস্তুতির কারণে এখন ক্ষয়ক্ষতি কমেছে। ৭০-৮০'র দশকে ব্যাপক ক্ষয়ক্ষতি হতো। চলতি বাজেটে দুর্যোগ ও প্রতিবন্ধীদের গুরুত্ব দেওয়া হয়েছে। এখন প্রয়োজন সরকারের বিভিন্ন সংস্থা ও বিভাগের মধ্যে সমন্বয় করা। সূত্র-**যুগান্তর** (পৃ.১৮,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**৮।	দুর্যোগ ব্যবস্থাপনায় মানসিক স্বাস্থ্যসেবা অন্তর্ভুক্ত করতে হবে : আন্তর্জাতিক সম্মেলনে সায়মা ওয়াজেদ**

অটিজমবিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপারসন সায়মা ওয়াজেদ হোসেন মানবিক বিপর্যয় ও প্রাকৃতিক দুর্যোগের সময় আঘাতপ্রাপ্ত লোকদের আরও বেশি সহায়তা প্রদানের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনায় মানসিক স্বাস্থ্যসেবা অন্তর্ভুক্তির পরামর্শ দিয়েছেন। তিনি ডিজঅ্যাবিলিটি অ্যান্ড ডিজাস্টার রিস্ক ম্যানেজমেন্ট শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের দ্বিতীয় দিনের অধিবেশনে এ পরামর্শ দেন। তিনি বলেন, মনো-সামাজিক সহায়তার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার মূলনীতির আরও মানোন্নয়ন প্রয়োজন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের অটিজমবিষয়ক শুভেচ্ছা দূত সায়মা হোসেন কক্সবাজারে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের মানসিক আঘাতজনিত অবস্থা কাটিয়ে উঠতে তাদের নিবিড়ভাবে পরামর্শ দানের সুপারিশ করেন। তিনদিনব্যাপী এ সম্মেলনে ৩৩টি দেশ থেকে ১১০ জন বিশ্বখ্যাত বিশেষজ্ঞসহ প্রায় তিন হাজার প্রতিনিধি অংশ নিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮),**অবজারভার** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

**৯।	রোগ নির্ণয়ে পরীক্ষা-নিরীক্ষার মানোন্নয়নে স্বাস্থ্যমন্ত্রীর নির্দেশে কমিটি গঠিত**

রোগ নির্ণয়ে পরীক্ষা-নিরীক্ষার মানোন্নয়ন এবং সমন্বিত মূল্য নির্ধারণের জন্য নীতিমালা প্রণয়নের লক্ষ্যে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবের (হাসপাতাল) নেতৃত্বে ১১ সদস্যের একটি কমিটি গঠন করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম। কমিটিতে অন্যান্যের মধ্যে সরকারি হাসপাতালের ৪ জন এবং বেসরকারি হাসপাতালের ৬ জন থাকবেন। কমিটিকে আগামী ৪৫ দিনের মধ্যে খসড়া প্রতিবেদন জমা দেওয়ার জন্য নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী। গতকাল (১৬ মে বুধবার) সচিবালয়ে প্যাথলজিক্যাল পরীক্ষা-নিরীক্ষার মানোন্নয়নসংক্রান্ত সভায় সভাপতিত্বকালে তিনি এ নির্দেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**১০।	এক হাজার শিক্ষককে প্রশিক্ষণ দেবে চীন : শিক্ষামন্ত্রীর সাথে চীনা রাষ্ট্রদূতের সাক্ষাৎ**

আগামী এক বছরে চীন বাংলাদেশের কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের এক হাজার শিক্ষককে প্রশিক্ষণ দেবে। গতকাল (১৬ মে বুধবার) সচিবালয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে তার অফিসকক্ষে সাক্ষাৎকালে এ কথা জানান বাংলাদেশে চীনের রাষ্ট্রদূত ঝ্যাং জুও। রাষ্ট্রদূত ঝ্যাং জুও'র নেতৃত্বে চার সদস্যের একটি প্রতিনিধিদল মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছে। সাক্ষাৎকালে তারা শিক্ষাক্ষেত্রে পারস্পরিক সহযোগিতাসহ দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**১১।	বিশ্ব টেলিযোগাযোগ দিবস আজ**

আজ ১৭ মে বৃহস্পতিবার বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস। এ বছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে, সবার জন্য কৃত্রিম বৃদ্ধিমত্তার ইতিবাচক ব্যবহারের সুযোগ সৃষ্টি। ১৮৬৫ সালের এ দিনে আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়নের প্রতিষ্ঠা এবং প্রথম আন্তর্জাতিক টেলিগ্রাফ সম্মেলন অনুষ্ঠানের নিদর্শন স্বরূপ ১৯৬৯ সালের ১৭ মে থেকে প্রতিবছর বিশ্ব টেলিযোগাযোগ দিবস পালিত হয়ে আসছে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

১২। টেকসই পরিবেশের জন্য ১১ কোটি ডলার ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক

পরিবেশ টেকসই করতে ক্ষুদ্র উদ্যোক্তাদের **১১** কোটি মার্কিন ডলার ঋণ সহায়তা দেবে বিশ্বব্যাংক। গতকাল (১৬ মে বুধবার) এ বিষয়ে একটি চুক্তি স্বাক্ষর হয়েছে। রাজধানীর শেরেবাংলা নগরে জাতীয় অর্থনৈতিক পরিষদের সম্মেলনকক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব কাজী শফিকুল আযম ও বিশ্বব্যাংকের ঢাকা অফিসের কান্ট্রি ডিরেক্টর চিমিয়াও ফান এ চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **সংবাদ** (পৃ.২,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ :** মৌলভীবাজারের শ্রীমঙ্গলে দেশের দ্বিতীয় চা নিলাম কেন্দ্রের কার্যক্রম শুরু হওয়ায় ভাল মানের চা বিক্রির পাশাপাশি বছরে প্রায় দুইশ' কোটি টাকা সাশ্রয় হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **প্রথম আলো :** মানুষের নানাবিধ কর্মকাণ্ডের ফলে বছরের পর বছর ধরে হালদা নদীর জীববৈচিত্র্য ক্রমাগত হ্রাস পাচ্ছে উল্লেখ করে নির্বিচারে মা মাছ ধরা বন্ধ করাসহ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের গঠিত বিশেষজ্ঞ কমিটির সুপারিশ বাস্তবায়নের উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **যুগান্তর :** রাজধানীর সড়কগুলো ও বিভিন্ন মহাসড়কে যানজট ভয়াবহ আকার ধারণ করেছে উল্লেখ করে যানজট নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **বণিক বার্তা :** ইউনেস্কোর গ্লোবাল এডুকেশন মনিটরিং (জিইএম) এক রিপোর্টে বাংলাদেশে অতিদরিদ্রদের মাত্র ৪ শতাংশ শিক্ষার্থী মাধ্যমিকের গণ্ডি পেরোতে পারছে এ তথ্য প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে মাধ্যমিকে ঝরেপড়া রোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার সুপারিশ।

ঙ. **ভোরের কাগজ, ডেইলি সান :** রমজানকে কেন্দ্র করে ভেজালের ব্যাপকতা বেড়ে যাওয়ায় ভেজালের দৌরাত্ম্য বন্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান :** প্রতিবন্ধী শিশুদের বোঝা না ভেবে পর্যাপ্ত শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি স্টার, সমকাল :** রাজধানীর তিনটি ভূমি অফিসের সেবা নিয়ে দুর্নীতি দমন কমিশনের ফলোআপ গণশুনানিতে অনিয়ম-দুর্নীতির যে চিত্র উপস্থাপিত হয়েছে তা আমলে নিয়ে তদন্তের মাধ্যমে প্রতিকার নিশ্চিত করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রমজানে পণ্যমূল্য সহনীয় রাখতে বাজার ব্যবস্থাপনার উন্নয়নসহ বাজারের ওপর সরকারের নজরদারি বৃদ্ধি এবং অসাধু ব্যবসায়ীদের মূলোৎপাটন করতে হবে।

নিবন্ধ ও ফিচার

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত **'জয়যাত্রায় জননেত্রী'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের মধ্যে দিয়ে বঙ্গবন্ধুর স্বপ্ন অনেক দূর এগিয়ে গেল, সেদিন বেশি দূর নয় যেদিন স্বাধীন বাংলাদেশ হবে মর্যাদাশীল, ক্ষুধা-দারিদ্র্যমুক্ত বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা।

#

খাদীজা/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা